

যায়যায়দিন

তারিখ .. 1 2 SEP 2007 ...

পৃষ্ঠা ৩ কলাম ৬.....

৪৩

রাবির আরো দুই শিক্ষকসহ

তিনজনের সারেভার

জামিন নামঞ্জুর করে জেলে প্রেরণ

রাজশাহী অফিস

রাজশাহী ইউনিভার্সিটিতে ২২ আগস্টের ছাত্র বিক্ষোভ ও ডিজিএফআইয়ের গাড়ি পোড়ানো মামলার চার্জ শিটভুক্ত পলাতক দুই শিক্ষকসহ তিনজন গডকাল মঙ্গলবার কোর্টে সারেভার করেছেন। তারা হলেন জিওলজি অ্যান্ড মাইনিং ডিপার্টমেন্টের প্রফেসর ড. চৌধুরী সারোয়ার জাহান সজল, প্রফেসর গোলাম সাক্বির সাজ্জার তাপু ও আতাউর রহমান নামের একজন কার ড্রাইভার।

কোর্ট সূত্রে জানা যায়, দুপুরে তারা রাজশাহীর সিএমএম কোর্টে সারেভার করে জামিনের আপিল জানান। এ সময় জজ সৈয়দ রবিউল আলম জামিনের আপিল নামঞ্জুর করে জেল হাজতে পাঠানোর নির্দেশ

দেন এবং দুই শিক্ষককে ডিভিশন দেয়ার নির্দেশ দেন। গডকাল দুই শিক্ষকসহ তিনজন সারেভার করায় এ মামলার চার্জ শিটভুক্ত মোট চারজন আটক হলো। এর আগে আটক করা হয় পাবলিক রিলেশনস দফতরের ইনফরমেশন অফিসার সাদেকুল ইসলামকে।

২২ আগস্টের ঘটনায় গোয়েন্দা সংস্থা ডিজিএফআইয়ের পক্ষ থেকে এ দুই শিক্ষকসহ ১৩ জনকে আসামি করে আরএমপির মতিহার থানা পুলিশের এস আই (তদন্তকারী অফিসার) মোস্তার হোসেন গত ২ সেপ্টেম্বর কোর্টে চার্জ শিট দাখিল করেন। এর আগে ২৩ আগস্ট ডিজিএফআই রাজশাহীর সহকারী পরিচালক শওকত আলী বাদী হয়ে মতিহার থানায় মামলাটি করেন।